# Times Today BD

খুলনা | 03 May, 2025

চুয়াডাঙ্গা জেলা গোয়েন্দা পুলিশ ও দর্শনা থানা পুলিশের একটি টিম কুড়লগাছি বাজারে অভিযান চালিয়ে কুড়-লগাছি গ্রামের নজরুলের ছেলে মোশারফ এর গোডাউন থেকে কৃষকের প্রণোদনার ৭ বস্তা ডিএপি সার ও ৭ বস্তা পটাশ সার উদ্ধার করেছে।

জেলার দামুড়হুদা উপজেলার কুড়-লগাছি বাজারে কৃষকের প্রনোদনার সার গোডাউনে রাখার গোপন সংবাদ পেয়ে শুক্রবার  সন্ধ্যায় অভিযান চালায় পুলিশ।

পরে সন্ধ্যা সাড়ে ৬ টার দিকে ঘটনাস্থলে আসেন দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভুমি ) কে এইচ তাসফিকুর রহমান ও উপজেলা কৃষি অফিসার শারমিন আক্তার।দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার( ভুমি ) কে এইচ তাসফিকুর রহমানের নেতৃত্বে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়।এ সময় অভিযুক্ত মোশারফ মোবাইল কোর্টে কৃষকের প্রনোদনার সার মজুদ রাখার বিষয়ে নিজের অপরাধ স্বীকার করেন।মোবাইল কোর্টে সার ব্যাবস্থাপনা আইন ২০০৬ এর ১২(১) ধারা মোতাবেক মোশারফকে ৩০ হাজার টাকা জরিমানা করা হয়।এ সময় মোশারফ মোবাইল কোর্টে নগদ ৩০ হাজার টাকা পরিশোধ করে মুক্তি পান।

মোবাইল কোর্টের নেতৃত্বদানকারী উপজেলা সহকারী কমিশনার (ভ□মি) কে এইচ তাসফিকুর রহমান জানান, কৃষকের প্রণোদনার সার এভাবে মজুদ করে রেখে তিনি অপরাধ করেছেন ও নিজে মোবাইল কোর্টে অপরাধ স্বীকার করেছেন।এ জন্য তাকে এ অপরাধে সার ব্যবস্থাপনা আইন -২০০৬ এর সর্বোচ্চ ধারা মোতাবেক ৩০ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

উপজেলা কৃষি অফিসার শারমিন আক্তার জানান, অভিযুক্ত মোশারফ যেটা করেছেন সেটা অপরাধ। তাকে মোবাইল কোর্টে জরিমানা করা হয়েছে। সেই সাথে উদ্ধারকৃত সার আজ শনিবার প্রকৃত ৩৫ জন কৃষককে ডেকে তাদের হাতে বুঝিয়ে দেবার নির্দেশনা দেয়া হয়েছে। ইউনিয়ন উপ সহকারী কৃষি অফিসার উপস্থিত থেকে বিতরণের ব্যবস্থা করবেন।

পুলিশ

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 13:24

URL: https://www.timestodaybd.com/public/khulna/8408221854